গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**৪১তম বি.সি.এস. পরীক্ষা-২০১৯ এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষা**

নথি নম্বর: ৮০.০০.০০০০.২০০.৫৬.১০৭.২১-৬০৪

তারিখ : ২৯ কার্তিক ১৪২৮ / ১৪ নভেম্বর ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

## ৪১তম বি.সি.এস. পরীক্ষা-২০১৯ এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষার সময়সূচি

**কেন্দ্র : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ**

| তারিখ ও দিন | সময় ও নম্বর বণ্টন | বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|
| ২৯.১১.২০২১<br>সোমবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ২:০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | ইংরেজি (০০৩)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ৩০.১১.২০২১<br>মঙ্গলবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ২:০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলাদেশ বিষয়াবলি (০০৫)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০১.১২.২০২১<br>বুধবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১:০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | আন্তর্জাতিক বিষয়াবলি (০০৭)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০২.১২.২০২১<br>বৃহস্পতিবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১:০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি (০১০)<br>('সাধারণ' এবং 'সাধারণ ও কারিগরি/পেশাগত' উভয় ক্যাডারের জন্য) |
| ০৪.১২.২০২১<br>শনিবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ২:০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলা ১ম ও ২য় পত্র (০০১ ও ০০২)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১:০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | বাংলা ১ম পত্র (০০১)<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |
| ০৬.১২.২০২১<br>সোমবার | সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১২:০০ মিনিট<br>(২ ঘণ্টা; ৫০ নম্বর) | গাণিতিক যুক্তি (০০৮)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০৭.১২.২০২১<br>মঙ্গলবার | সকাল ১০:০০ মিনিট থেকে সকাল ১১:০০ মিনিট<br>(১ ঘণ্টা; ৫০ নম্বর) | মানসিক দক্ষতা (০০৯)<br>(সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |

### পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা

১.০ ১.১ প্রার্থীর জন্য প্রযোজ্য [সাধারণ/কারিগরি/পেশাগত ক্যাডার] সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যক।

১.২ লিখিত পরীক্ষায় গড় ন্যূনতম পাস নম্বর হবে ৫০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ৩০% নম্বরের কম পেলে সে নম্বর মোট নম্বরের সাথে যোগ হবে না।

১.৩ সাধারণ ও কারিগরি/পেশগত উভয় ক্যাডারের প্রার্থী কিংবা শুধু কারিগরি/পেশগত ক্যাডারের প্রার্থীদের কারিগরি/পেশাগত ক্যাডার সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ে (Job related) ২০০ নম্বরের ৪ (চার) ঘণ্টা সময়ের একটি বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

২.০ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, অথবা কোনরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে ৪১তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ৩০.৭ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে।

৩.০ লিখিত পরীক্ষার জন্য প্রার্থীর নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য প্রাপ্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই প্রার্থীদের প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য অনলাইনে গৃহীত প্রবেশপত্রসহ প্রত্যেক পরীক্ষার দিন পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রে মুদ্রিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

৪.০ পরীক্ষার হলে নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশ রোধ এবং অসদুপায় ও অসদাচরণ বন্ধে নিম্নোক্ত ক্ষেত্রে প্রার্থীদের অধিকতর সতর্কতা অবলম্বন করা আবশ্যক:

৪.১ পরীক্ষা হলে বই-পুস্তক, ব্যাগ, মানিব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর বা ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র ইত্যাদি সামগ্রী আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে প্রার্থীরা গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার এবং ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা এ ধরনের কোন কিছু বহন করতে পারবেন না। পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রীর প্রবেশ রোধে Metal Detector এর সাহায্যে তল্লাশি করা হবে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে।

৪.২ পরীক্ষার সময় প্রার্থীরা মুখ ও কানের ওপর মাস্ক ব্যতীত কোন আবরণ রাখবেন না।

৪.৩ পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট মোবাইল ফোন/ইলেক্ট্রনিক যোগাযোগযন্ত্র, ক্যালকুলেটর বা বর্ণিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরূদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গাণিতিক যুক্তি (আবশ্যিক) বিষয়ের ক্ষেত্রে কেবল সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, তবে উক্ত পরীক্ষায় সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।

৪.৪ পরীক্ষায় যে কোন অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৪৩.১ থেকে ৪৩.৭ নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া, তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না।

৪.৫ বি.সি.এস. পরীক্ষা বিধিমালা অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোন প্রার্থীর ক্ষেত্রে এরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরূদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে যে কোন সময় কমিশনের অথবা টেলিটক বাংলাদেশ লি: এর website থেকে Admit Card ডাউনলোড করতে পারবেন। User ID বা Password ভুলে গেলে কমিশনের Website এ গিয়ে অনলাইন রেজিস্ট্রেশন/ফলাফল > বিসিএস পরীক্ষা > Admit Card/Applicat's Copy > 41st BCS Examination > Recover User ID/Recover Password এ প্রয়োজনীয় তথ্য দিয়ে পুনরায় Admit Card download করে প্রিন্ট করা যাবে।

৬.০ হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই পরিদর্শকবৃন্দ প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখবেন; মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরূদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের মিল রয়েছে কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন ও হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন।

৭.০ লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৮.০ পরীক্ষার দিন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়ানোর জন্য যে সব প্রার্থীদের জাতীয় পরিচয়পত্র রয়েছে তা তাদের সাথে রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

৯.০ অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর পূরণকৃত তথ্য এবং ৪১তম বি.সি.এস. এর বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ডিক্লারেশনের ঘোষণার ভিত্তিতে প্রার্থীকে অনলাইন প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ২১ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোন গুরুতর [Substantive] ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

১০.০ **প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক প্রদান সংক্রান্ত:**

১০.১ প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের ভিত্তিতে কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। প্রতিবন্ধী প্রার্থীর আবেদন অনুযায়ী কেবল কমিশন কর্তৃক প্রদত্ত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন কর্তৃক অনুমোদিত ও প্রদত্ত শ্রুতিলেখক ব্যতীত অন্য কোন ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে গ্রহণ করা হবে না।

১০.২ **শ্রুতিলেখকদের [শুধু দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য] প্রতি ঘণ্টার পরীক্ষার জন্য অতিরিক্ত ১০ মিনিট সময় বরাদ্দ করা হবে।** ৪১তম বি.সি.এস.-এর লিখিত পরীক্ষার প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদের শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র ও আনুষঙ্গিক ডকুমেন্টসসহ পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দফতরে নির্দিষ্ট তারিখের মধ্যে লিখিত আবেদন পৌঁছাতে হবে।

১১.০ **OMR পূরণ সংক্রান্ত নির্দেশনা:**

৪১তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষা double lithocode এবং barcode সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোডেড OMR ফরম সংযুক্ত থাকবে। উক্ত OMR ফরমের ওপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে:

১১.১ প্রতিটি বিষয়ের জন্য প্রার্থীদের একটি করে OMR ফরম যুক্ত মূল উত্তরপত্র দেয়া হবে। সংযুক্ত OMR ফরমে প্রার্থীর জন্য নির্ধারিত প্রথম অংশে প্রার্থী তার নাম লিখবেন, বিষয় কোডের ঘরে এ পরীক্ষা সূচির প্রথমাংশে আবশ্যিক বিষয়ের পাশে উল্লেখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী OMR ফরমে 'বিষয় কোডের' ঘরের ওপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন: 'ইংরেজি (আবশ্যিক)' বিষয়ের কোড '০০৩'। সে ক্ষেত্রে বিষয় কোডের ঘরে '০০৩' লিখে নীচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

১১.২ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮(আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে মুদ্রিত রেজিস্ট্রেশন নম্বরটি ওপরের ঘরে সাবধানতার সাথে বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন।

১১.৩ নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

১১.৪ পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

১১.৫ অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। প্রতিটি অতিরিক্ত উত্তরপত্রের জন্য একটি করে বৃত্ত পূরণ করতে হবে।

১১.৬ বিশেষভাবে উল্লেখ্য, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত OMR ফরমের প্রথম অংশে কেন্দ্র, বিষয় কোড, অতিরিক্ত উত্তরপত্র ও নম্বরের ঘরে কোনরূপ কাটাকাটি করলে এবং OMR অংশে কিছু লিখলে, কোনরূপ চিহ্ন বা দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল হবে।

১১.৭ মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনভাবেই লিখবেন না। লিখলে বা কোনরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল হবে।

১২.০ **বাংলা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত**

১২.১ সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থীদের জন্য 'বাংলা (আবশ্যিক) ১ম পত্র (কোড: ০০১) ও ২য় পত্র (কোড: ০০২) এর ক্ষেত্রে প্রার্থীকে পরীক্ষা কক্ষে দুই অংশে বিভক্ত OMR ফরম যুক্ত মুল উত্তরপত্র একসাথে সরবরাহ করা হবে। প্রার্থীকে বাংলা ১ম পত্র এবং বাংলা ২য় পত্রের জন্য দু'টি পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে। উল্লেখ্য, '০০১' কোডের উত্তরপত্রে '০০২' কোডের প্রশ্নের উত্তর প্রদান করা হলে সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল করা হবে।

১২.২ কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের জন্য ০৪.১২.২০২১ তারিখে অনুষ্ঠেয় বাংলা (বিষয় কোড-০০১) আবশ্যিক বিষয়ের ক্ষেত্রে প্রার্থীকে একটি OMR ফরম যুক্ত মূল উত্তরপত্র সরবরাহ করা হবে।

১৩.০ **মানসিক দক্ষতা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত**

১৩.১ ০৭.১২.২০২১ তারিখে সকাল ১০:০০ মিনিট থেকে সকাল ১১:০০ মিনিট পর্যন্ত অনুষ্ঠেয় MCQ type মানসিক দক্ষতা (বিষয় কোড-০০৯) বিষয়ের পরীক্ষার দিন প্রার্থীরা সকাল ৯.২০ মিনিটের মধ্যে নির্ধারিত পরীক্ষা হলের নিজ নিজ কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। সকাল ৯:৩০ মিনিটে প্রত্যেক প্রার্থীকে এক পাতার (OMR) উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী উত্তরপত্রে তার কেন্দ্রের বৃত্ত পূরণ করবেন, রেজিস্ট্রেশন নম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয় কোডের ঘরে বিষয়কোড লিখে সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর প্রার্থী কর্তৃক পূরণীয় OMR ফরমের ১ম অংশ ছিঁড়ে পরিদর্শক আলাদা করবেন। ২য় অংশটি ৫০ (পঞ্চাশ) টি উত্তরের জন্য নির্ধারিত। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR উত্তরপত্রের বৃত্ত পূরণ করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত পূরণ করা যাবে না। উত্তরপত্রে কোনরূপ ফ্লুইড ব্যবহার করা যাবে না। ২য় অংশে কোনভাবেই প্রার্থী নাম, রেজিস্ট্রেশন নম্বর লিখবেন না বা কোনরূপ চিহ্ন/দাগ দিবেন না। বৃত্ত পূরণ করার ক্ষেত্রে পেন্সিল কিংবা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট উত্তরপত্র এবং প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

১৩.২ সকাল ৯:৫৫ মিনিটে প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র পাওয়ার পর প্রার্থীরা তার প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রের নির্ধারিত স্থানে লিখবেন এবং এর নীচের সংশ্লিষ্ট বৃত্ত কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। সকাল ১০:০০ মিনিট থেকে উত্তর দান শুরু হবে, সকাল ১১:০০ মিনিটে পরীক্ষা শেষে হবে। প্রার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করার পর প্রার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

১৩.৩ MCQ type মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১(এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর হতে ০.৫ নম্বর করে কাটা যাবে।

১৪.০ পদসংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষাসূচি যথাসময়ে জানানো হবে।

১৫.০ আবশ্যিক বিষয়ের পরীক্ষার হল, আসন ব্যবস্থা যথাসময়ে দৈনিক পত্রিকা এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

২৪/১১/২০২১

**নুর আহ্মদ**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]
যুগ্মসচিব